গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.৪৬৬ তারিখঃ২৫/০৯/২০১৭ খ্রিঃ

বিষয় : **সুষ্ঠু তদন্তের স্বার্থে রেকর্ডপত্র/তথ্যসমূহ প্রেরণ সংক্রান্ত ।**

সূত্র: ১. দুদক/সজেকা/নোয়াখালী/২০১৭/১৮৩৫ তারিখ: ১৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ
২. ৭জি/৪১৭ (ক-৩)২০০৫ (অংশ-৩).২৩১৪ তারিখ : ১৬.০৪.২০১৭খ্রিঃ
৩. ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.২৫২ তারিখ : ২৩.০৫.২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রে দূর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালী নিম্নবর্ণিত রেকর্ডপত্রাদি প্রেরণের অনুরোধ জানিয়েছে :

| নং | চাহিত রেকর্ডপত্র/তথ্যসমূহ |
|---|---|
| ১. | লক্ষীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক(কম্পিউটার) ইনডেক্স নং-৩০০৯৮৭৯ এর কম্পিউটার সনদটি ভুয়া/জাল প্রমানিত হওয়া সংক্রান্ত তদন্ত প্রতিবেদন/প্রমাণ্য রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি । |
| ২. | মোঃ আক্তার হোসেন, প্রভাষক (কম্পিউটার) শিক্ষা কর্তৃক উক্ত কলেজে নিয়োগকালীন সময়ে জমাদানকৃত ভুয়া/জাল কম্পিউটার সনদের সত্যায়িত ছায়ালিপি। |

০২. উল্লেখ্য যে, ২নং সূত্রে বর্ণিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৬ এপ্রিল ২০১৭ তারিখের পত্রে (পঃপৃ:২১৪) লক্ষীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের প্রভাষক (কম্পিউটার) জনাব আক্তার হোসেনের কম্পিউটার বিষয়ের ডিপ্লোমা সনদ জালিয়াতির অভিযোগে তার বেতন ভাতা বন্ধের সুপারিশ করা হয়। সে প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে ৩ নং সূত্রে বর্ণিত পত্র প্রেরণ করা হয়।

০৩. এমতাবস্থায়, লক্ষীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের প্রভাষক (কম্পিউটার) জনাব আক্তার হোসেনের কম্পিউটার ডিপ্লোমা সনদ জালিয়াতির অভিযোগের বিষয়ে দূর্নীতি দমন কমিশন, নোয়াখালী চাহিত তথ্যাদি/রেকর্ডপত্রাদিসহ আগামী ২৮/০৯/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক

২৫.৯.১৭
(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন,ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১. জনাব আল মামুন,সহকারী পরিচালক ও তদন্ত কর্মকর্তা,দূর্নীতি দমন কমিশন,সমন্বিত জেলা কার্যালয়,নোয়াখালী।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়: বিজ্ঞ সিনিয়র স্পেশাল জজ আদালত,লক্ষীপুর এর স্পেশাল মামলা নং-০১/২০১৭, ধারা-দঃবিধির ৪৬৬/৪৬৮/৪৭১/৪০৯/১১৪/১০৯/৩৪ ধারা, আসামী -মোঃ নূরুল করিম আজাদ,পিতা-মৃত ডাক্তার আবুল হাসেম,সাং-চর জসবক্স,হাল সাং-চর জাঙ্গালিয়া,সহকারী অধ্যাপক (ইসলামিক শিক্ষা),হাজিরহাট উপকূল কলেজ সহ অন্য ০৩ জন এর তদন্ত প্রসঙ্গে।

সুষ্ঠু তদন্তের স্বার্থে রেকর্ডপত্র/তথ্যসমূহ পর্যালোচনা করা বিশেষ প্রয়োজন। উল্লেখ্য যে,দুদক/সজেকা/নোয়াখালী/২০১৭ ;তারিখঃ ১৬.০৭.২০১৭ খ্রিঃ স্মারক মূলে রেকর্ডপত্র চেয়ে পত্র প্রেরণ করা হলে অদ্যবধি কোন রেকর্ডপত্র পাওয়া যায়নি। দুর্নীতি দমন কমিশন আইন ,২০০৪ এর ১৯ ধারা মোতাবেক কমিশনকে সুষ্ঠু তদন্তের স্বার্থে কোন আদালত/অফিস/ব্যক্তি প্রয়োজনীয় রেকর্ডপত্র/তথ্যসমূহ সরবরাহ করে তদন্ত কার্যে সহায়তা করবেন (আইনের কপি সংযুক্ত) । কিন্তু এ ক্ষেত্রে চাহিত রেকর্ডপত্র/তথ্যসমূহ নির্ধারিত সময়ে হস্তগত না হওয়ায় তদন্ত কার্যক্রম পরিচালনা করতে গিয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হচ্ছে ।

বিধায়, উল্লেখিত বিষয়ে আগামী **২৮/০৯/২০১৭** খ্রিঃ তারিখ **সকাল ১০.০০** ঘটিকার সময় সংশ্লিষ্ট রেকর্ডপত্র/তথ্যসমূহ নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে আপনাকে পুনরায় বিণীত অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

<u>রেকর্ডপত্রের সংক্ষিপ্ত বিবরণ:</u>

| নং | চাহিত রেকর্ডপত্র/তথ্যসমূহ |
|---|---|
| ১. | লক্ষীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন,প্রভাষক-কম্পিউটার (ইনডেক্স নং ঃ-৩০০৯৮৭৯) এর কম্পিউটার সনদটি ভূয়া/জাল প্রমাণিত হওয়া সংক্রান্তে তদন্ত প্রতিবেদন/ প্রমাণ্য রেকর্ডপত্রের সত্যায়িত ছায়ালিপি । |
| ২. | মোঃ আক্তার হোসেন,প্রভাষকঃ-কম্পিউটার শিক্ষা কর্তৃক উক্ত কলেজে নিয়োগকালীন সময়ে জমাদানকৃত ভূয়া/জাল কম্পিউটার সনদের সত্যায়িত ছায়ালিপি। |

সংযুক্ত ঃ ১. স্মারক নং ঃ-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.০০৬.২০১১.২৫২;তারিখঃ-২৩/০৫/২০১৭ খ্রিঃ মূলে সংগৃহীত পত্রের ছায়ালিপি (০১ পাতা)।

২.দুদক/সজেকা/নোয়াখালী/২০১৭ ;তারিখঃ ১৬.০৭.২০১৭ খ্রিঃ স্মারক মূলে প্রেরিত পত্রের ছায়ালিপি (০১ পাতা)।

৩. দুর্নীতি দমন কমিশন আইন ,২০০৪ এর ১৯ ধারা সংক্রান্ত রেকর্ডপত্রের ছায়ালিপি ।

অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২),
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা ।

দৃষ্টি আকর্ষনঃ উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়,
বেসরকারী মাধ্যমিক-০১
বাংলাদেশ সচিবালয়,ঢাকা ।

১৭.০৯.১৭ খ্রিঃ
(আল মামুন)
সহকারী পরিচালক ও তদন্তকারী কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালী।
ফোনঃ ০৩২১-৬১০৬০

স্মারক নংঃ

তারিখঃ ১৭/০৯/২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ
১। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
২। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালী।
৩। ব্যক্তিগত নথি।

(আল মামুন)
সহকারী পরিচালক
দুর্নীতি দমন কমিশন
সমন্বিত জেলা কার্যালয়, নোয়াখালী।

১০৪২
২৫/০৪/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং ৭জি/৪১৭(ক-৩)/২০০৫(অংশ-৩)/ ২৬৩৪ তারিখ : ১৬/০৪/২০১৭ খ্রিঃ

বিষয় : লক্ষীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার (ইনডেক্স : ৩০০৯৮৭৯) এর এমপিও স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র : নং ৩৭.০০.০০০০.০৭০.০১.০০৭.২০১৪.৮০৩ তারিখ : ১৫/১২/২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের ০৫/০৬/২০১৪ তারিখের ৩৭.১৯.০০০০.০৬১.১৮.০১২.১৪/১৪৮১ নং পত্রে মাউশি অধিদপ্তরকে জানান লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার (ইনডেক্স : ৩০০৯৮৭৯) এর ডিপ্লোমা সনদটি জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষনা একাডেমী (নেকটার) কর্তৃক ইস্যুকৃত নয়, সনদটি ভূয়া/জাল। মাউশি অধিদপ্তরের ১৪/১২/২০১৪ তারিখের ৭জি/৭৪৩(ক-৩)/২০০৬/৭৫৩৯/৩ নং পত্রে কেন বেতন ভাতা বন্ধ করা হবে না এ মর্মে কারণ দর্শানো পত্র জারি করা হয়। কিন্তু এ বিষয়ে কোন জবাব না পাওয়ায় পুনরায় গত ২৭/০১/২০১৬ তারিখে ৭(সাত) কর্মদিবস সময় দিয়ে তাগিদপত্র দেয়া হয়, কিন্তু কোন জবাব পাওয়া যায় নাই। এ ছাড়াও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার ৩০/০৬/১৬ তারিখের গোপনীয় প্রতিবেদনে জনাব জনাব আক্তার হোসেন এর সনদ জালিয়াতির অভিযোগে ব্যবস্থা নেয়ার জন্য সুপারিশ করেছেন।

এমতাবস্থায়, জনবল কাঠামোর ২০১০(মার্চ'২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(১)(গ) অনুচ্ছেদ মোতাবেক কম্পিউটার বিষয়ের ডিপ্লোমা সনদ জালিয়াতির অভিযোগে হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার (ইনডেক্স : ৩০০৯৮৭৯) এর বেতন ভাতা বন্ধের সুপারিশসহ পরবর্তী নির্দেশনা কামনা করা হলো।

১৬/৪/১৭

(প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান)
মহাপরিচালক
ফোন নং ৯৫৫৩৫৪২

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি মাধ্যমিক-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৫.০০৬.২০১১.২৫২ তারিখ: ২৩/০৫/২০১৭ খ্রি:

বিষয়: **লক্ষ্মীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার (ইনডেক্স নং- ৩০০১৯৮৭৯) এর এম.পি.ও. স্থগিতকরণ।**

সূত্র: ৩৭.০০.০০০০.০৭২.৫১.০৪১.১২(অংশ).৩০১ তারিখ: ১৩ এপ্রিল ২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের সূত্রে লক্ষ্মীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার এর কম্পিউটার বিষয়ের ডিপ্লোমা সনদটি ভুয়া/জাল প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) লক্ষ্মীপুর জেলার হাজিরহাট উপকূল কলেজের জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার এর কম্পিউটার বিষয়ের ডিপ্লোমা সনদটি ভুয়া/জাল প্রমাণিত হওয়ায় জনবল কাঠামোর নির্দেশিকার ১৮(১)(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী তার বেতন ভাতার সরকারি অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানো;

(খ) জনাব আক্তার হোসেন কর্তৃক এ যাবত গৃহীত অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে; প্রয়োজনে PDR Act, ১৯১৩ এ মামলা দায়েরকরণ;

(গ) জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার এর কম্পিউটার বিষয়ের ডিপ্লোমা সনদটি ভুয়া/জাল প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়েরের নিমিত্ত চট্টগ্রাম শিক্ষা বোর্ড ম্যানেজিং কমিটিকে নির্দেশনা প্রদান করবে;

(ঘ) জনাব আক্তার হোসেন, প্রভাষক-কম্পিউটার পদে নিয়োগ বাতিলের জন্য চট্টগ্রাম শিক্ষা বোর্ড ম্যানেজিং কমিটিকে নির্দেশনা প্রদান করবে।

[illegible]
([illegible])
উপসচিব
ফোন: [illegible]

বিতরণ:
০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।
০৩. অধ্যক্ষ, হাজিরহাট উপকূল কলেজ, লক্ষ্মীপুর।
০৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫. পিএস টু সচিব/একান্ত সচিব/সিনিয়র সহকারী সচিব (মাধ্যমিক-১/২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।